গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশীবাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র নং-৫৮.০৪.০০০০.০২১.০৩.০২০.২২-১৪১৬

তারিখঃ ০৭ পৌষ' ১৪২৯
২২ ডিসেম্বর' ২০২২

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নের নিমিত্ত নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব এ এস এম আনিসুল হক
কারা মহাপরিদর্শক

সভার স্থান : Zoom online platform

সভার তারিখ ও সময় : ২২-১২-২০২২ খ্রি:, বেলা ১১.০০ ঘটিকায়।

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কারা অধিদপ্তরের নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন), জনাব মোহাম্মদ সাজ্জাদ হোসেন সভাকে জানান, ২০২২-২০২৩ অর্থবছরে এ কার্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সংযোজনী-৪ এ উল্লিখিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১.১ কার্যক্রম অংশে 'নৈতিকতা কমিটির' সভা আয়োজনের বিষয়টি অন্তর্ভূক্ত রয়েছে। সভায় নৈতিকতা কমিটির কর্মপরিধি অনুযায়ী বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়। এছাড়াও এ কার্যালয়ের শুদ্ধাচার প্রতিষ্ঠার অন্তরায় চিহ্নিতকরণ ও দূরীকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিম্নরুপ:

| ক্রম | গত সভার তারিখ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়িত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | ২৭.০৯.২০২২ | ০৮টি | ০৮টি | ১০০% |

অত:পর সভায় কর্মপরিকল্পনার বিভিন্ন কার্যক্রম নিয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১. | **শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্যঃ** সভাপতি এ কার্যালয়ের শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য সম্পর্কে জানতে চাইলে সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন) জনাব মোহাম্মদ সাজ্জাদ হোসেন জানান যে, চলতি ২০২২-২০২৩ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে।<br>ক) শুদ্ধাচার প্রতিষ্ঠায় প্রতিষ্ঠায় ত্রৈমাসিক ভিত্তিতে নৈতিকতা কমিটির সভা আয়োজন করা হচ্ছে।<br>খ) শুদ্ধাচার প্রতিষ্ঠায় অংশীজনের অংশগ্রহণে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন করা হচ্ছে।<br>গ) আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের উপর নিয়মিত ফিডব্যাক প্রদান করা হচ্ছে।<br>ঘ) দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রম হিসেবে দুর্নীতি প্রতিরোধ বিষয়ক কর্মশালা আয়োজন করা হচ্ছে।<br>ঙ) কারা অধিদপ্তর গৃহীত ও প্রস্তাবিত প্রকল্পসমূহ বাস্তবায়নে স্বচ্ছতা আনয়নে তালিকা ওয়েবসাইটে প্রকাশ এবং দৈবচয়নের ভিত্তিতে ৫০% প্রকল্প মনিটরিং এর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | ১। এ কার্যালয়ের শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী প্রতিটি সূচক ভিত্তিক কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সহকারী কারা মহাপরিদর্শক (সকল)। |

| | | | |
|---|---|---|---|
| | চ) কারা অধিদপ্তর ও আওতাধীন দপ্তরসমূহের শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে নিম্নোক্ত গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা করা হয়।<br>১. কারা অধিদপ্তর ও আওতাধীন দপ্তরসমূহের বিভাগীয় মামলার পরিসংখ্যান (কতটি বিভাগীয় মামলা কখন, কিভাবে করা হচ্ছে তার সংখ্যাভিত্তিক সঠিক পরিসংখ্যান) নিয়মিত হালনাগাদের নির্দেশনা প্রদান করা হয়।<br>২. বাৎসরিক গোপনীয় প্রতিবেদন যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার বিষয়ে আলোচনা করা হয়।<br>৩. ছুটি সংক্রান্ত সংখ্যা ভিত্তিক পরিসংখ্যানের তথ্য নিশ্চিত করার নির্দেশনা প্রদান করা হয়।<br>৪. আদালতে বন্দির গমনাগমন সংক্রান্ত পরিসংখ্যান (কারাগার থেকে আদালত/আদালত থেকে কারাগার এর তথ্য ইমেইলের মাধ্যমে প্রেরণ) সঠিক প্রক্রিয়ায় মাধ্যমে বাস্তবায়ন করার নির্দেশনা প্রদান করা হয়।<br>৫. অফিসের গোপনীয়তা নিশ্চিতকরণের স্বার্থে মোবাইল ব্যবহার নীতিমালা নিশ্চিতকরণ, অফিস সময়ে মোবাইল ব্যবহার সীমিতকরণ এবং মোবাইল নির্দিষ্ট স্থানে রাখার ব্যবস্থা নিশ্চিত করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ২। কারা অধিদপ্তর ও আওতাধীন দপ্তরসমূহের শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় মামলার পরিসংখ্যান, বাৎসরিক গোপনীয় প্রতিবেদন, ছুটি সংক্রান্ত পরিসংখ্যান, আদালতে বন্দি গমনাগমন সংক্রান্ত প্রতিবেদন, মোবাইল ব্যবহার নীতিমালা নিশ্চিতকরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ২। কারা উপ-মহাপরিদর্শক (সকল) ও সহকারী কারা মহাপরিদর্শক (সকল)। |
| ০২. | **শুদ্ধাচার প্রতিষ্ঠায় পরিলক্ষিত অন্তরায় দূরীকরণে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণঃ**<br>কারা অধিদপ্তর গৃহীত ৬টি ও বিভাগীয় দপ্তরসূহের ক্ষেত্রে শুদ্ধাচার প্রতিষ্ঠায় পরিলক্ষিত অন্তরায়সমূহের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতির ওপর বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহীত বাস্তবায়ন অগ্রগতির তারিখ ভিত্তিক ও শতকরা হিসেবে গৃহীত সিদ্ধান্তের পরিবীক্ষণ প্রতিবেদন প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। | ১। কারা অধিদপ্তর গৃহীত ৬টি ও বিভাগীয় দপ্তরসূহের ক্ষেত্রে শুদ্ধাচার প্রতিষ্ঠায় পরিলক্ষিত অন্তরায়সমূহের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতির ওপর বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহীত বাস্তবায়ন অগ্রগতির তারিখ ভিত্তিক ও শতকরা হিসেবে গৃহীত সিদ্ধান্তের পরিবীক্ষণ প্রতিবেদন প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। কারা উপ-মহাপরিদর্শক (সকল) ও সহকারী কারা মহাপরিদর্শক (সকল)। |
| ০৩. | **শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব নির্ধারণঃ** কারা মহাপরিদর্শক সভায় অবহিত করেন যে ত্রৈমাসিক প্রতিবেদন ও নিয়মিত পরিবীক্ষণ প্রতিবেদন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগে প্রেরণের বাধ্যবাধকতা রয়েছে। ত্রৈমাসিকভিত্তিক শুদ্ধাচার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য প্রতিটি কার্যক্রমের প্রমাণকসমূহ নির্ধারিত তারিখের কমপক্ষে ২/৩ পূর্বে প্রশাসন শাখায় প্রেরণ নিশ্চিত করার বিষয়ে আলোচনা করা হয়। | ১। প্রতি ত্রৈমাসিক সমাপ্তির পরবর্তী মাসের ০৩ তারিখের মধ্যে শুদ্ধাচার সংশ্লিষ্ট সকল প্রমাণক প্রশাসন শাখায় প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সহকারী কারা মহাপরিদর্শক (সকল) ও সকল কর্মকর্তা। |

| | | | |
|---|---|---|---|
| ০৪. | **স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের অগ্নি অধিশাখায় শুদ্ধাচার বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণঃ** স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের অগ্নি অধিশাখায় শুদ্ধাচার বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। ২০২২-২০২৩ অর্থবছরের ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন সুরক্ষা সেবা বিভাগের অগ্নি অধিশাখায় প্রেরণ নিশ্চিত করা হয়েছে। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ণ নির্দেশিকা অনুযায়ী ২য় ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১। ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ণ নির্দেশিকা অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিবেদন যথাসময়ে প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন), ডেপুটি জেলার (উন্নয়ন) ও প্রশাসন শাখা। |
| ০৫. | **বিবিধঃ** সভাপতি বলেন যে, সম্প্রতি সরকারি অফিস সময়সূচিতে পরিবর্তন হয়েছে। নির্ধারিত সময়ে অফিসে আগমন ও প্রস্থান করা শুদ্ধাচারের অন্তর্ভূক্ত। নির্ধারিত সময়ে সকল কর্মকর্তা/কর্মচারীকে অফিসে সময়মত উপস্থিতি নিশ্চিত করার জন্য প্রতিদিন হাজিরা খাতা মনিটরিং করার নির্দেশনা প্রদান করেন। এছাড়াও সভাপতি সরকারি ব্যয়ের কৃচ্ছতা সাধন, বিদ্যুতের অপচয় রোধ করার জন্য সকলকে নির্দেশনা প্রদান করেন। সভায় সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন) জানান যে, এ কার্যালয়ে বর্তমানে শতভাগ ই-ফাইল কার্যক্রম পরিচালিত হচ্ছে। তথ্য আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সকল তথ্য প্রদান করা হচ্ছে। পাশাপাশি জিআরএস সফটওয়্যারের মাধ্যমে প্রাপ্ত ১০০% অভিযোগ নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করা হচ্ছে। সভাপতি এ ধারা অব্যাহত রাখার পরামর্শ প্রদান করেন। | ১। সরকার নির্ধারিত সময়ে সকল কর্মকর্তা /কর্মচারীকে অফিসে আগমনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। সকল সরকারি ব্যয়ে কৃচ্ছতা সাধন এবং অফিসে অপ্রয়োজনীয় বিদ্যুতের ব্যবহার পরিহার করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩।নির্ধারিত সময়ের মধ্যে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী চাহিত তথ্য প্রদান করতে হবে এবংজিআরএস সফটওয়্যারে প্রাপ্ত সকল অভিযোগ নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অত্র কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারী।<br>২। অত্র কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারী।<br>৩। অত্র কার্যালয়ের তথ্য অধিকার আইনের দায়িত্বপ্রাপ্ত ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা। |

সভাপতি মহোদয় সকলকে ব্যক্তিগত ও দাপ্তরিক কার্যক্রমে নৈতিকতা চর্চার আহবান জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

22/12/2022

এ এস এম আনিসুল হক
ব্রিগেডিয়ার জেনারেল
কারা মহাপরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।
ig@prison.gov.bd

পত্র নং-৫৮.০৪.০০০০.০২১.০৩.০২০.২২-১৪১৬

তারিখঃ ০৭ পৌষ' ১৪২৯
২২ ডিসেম্বর' ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।

২। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।

৩। প্রশাসনিক কর্মকর্তা-১/২, বাজেট অফিসার, স্টাফ অফিসার/ডেপুটি জেলার (প্রশাসন/উন্নয়ন) পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা।

৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)।

৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কারা প্রশিক্ষণ ইন্সটিটিউট/প্রিজন ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।

৬। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।

৭। ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক এবং কারা উপ-মহাপরিদর্শক, সদর দপ্তর (অঃদাঃ) মহোদয়ের সদয় অবগতির জন্য।

৮। গার্ড ফাইল।

22/12/22
মোহাম্মদ সাজ্জাদ হোসেন
সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন)
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোন-৫৭৩০০৫১৩ (দপ্তর)